



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

Bangladesh Madrasah Education Board, Dhaka.

www.bmeb.gov.bd



স্মারক নং-বামাশিবো/কমন/জেডিসি/রেজিঃ/অংশ-১৩/১৯৪

তারিখঃ- ১১/০৭/২০১৮ খ্রিঃ।

২০১৮ সনের জেডিসি পরীক্ষার রেজিস্ট্রেশন নবায়ন এবং জিপিএ উন্নয়ন সংক্রান্ত

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, আস্তঃ শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ২০১৭ সালের জেডিসি পরীক্ষায় ০১ (এক) বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন নবায়ন এবং ২০১৭ সালে কৃতকার্য নিয়মিত শিক্ষার্থীদের জিপিএ উন্নয়নের সুযোগ দেয়া হয়েছে;

রেজিস্ট্রেশন নবায়ন পদ্ধতি:-


২০১৬ শিক্ষা বর্ষে জেডিসি পরীক্ষায় নিয়মিত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০১৭ সনের পরীক্ষায় অংশগ্রহণ করে ০১ (এক) বিষয়ে অকৃতকার্য হয়েছে তাদের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ হলে তারা রেজিস্ট্রেশন নবায়ন সাপেক্ষে ০১ (এক) বিষয়ে ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

এক্ষেত্রে তাদেরকে মূল রেজিস্ট্রেশন কার্ড সহ রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর নামে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ৫০/- (পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট সহ ৩০/০৭/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে বোর্ডে আবেদন করতে হবে।


জিপিএ উন্নয়ন সংক্রান্ত নিয়মাবলী:

২০১৭ সালে যে সকল নিয়মিত শিক্ষার্থী জেডিসি পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০১৮ সালের অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে জিপিএ উন্নয়ন করতে ইচ্ছুক, শুধুমাত্র সে সকল শিক্ষার্থীদেরকে আগামী ৩০/০৭/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে তাদের স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর সাদা কাগজে আবেদন করতে হবে।

Help Line No- 01757291281, 01757291282, 01757291283


12-7-18

(প্রফেসর মোঃ মজিবুর রহমান)
রেজিস্ট্রার


বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৯৬১২৮৫৮

তারিখঃ- ১১/০৭/২০১৮ খ্রিঃ।

স্মারক নং-বামাশিবো/কমন/জেডিসি/রেজিঃ/অংশ-১৩/১৯৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। সিঃ সিস্টেম এনালিস্ট, (চলতি দায়িত্ব) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জনাব, মোঃ আমির উদ্দিন। প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ৫। সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
- ৬। সকল সেকশন অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অত্র বোর্ডের অধীনে স্বীকৃতি প্রাপ্ত/পাঠদান অনুমতি প্রাপ্ত সকল মাদ্রাসা প্রধানগণ।
- ৮। Help Line এর দায়িত্ব প্রাপ্ত সকল কর্মকর্তা।
- ৯। পি.এ.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

(মোঃ কামাল উদ্দিন)

উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ-৯৬৭৫৪০৩


১১/০৭/১৮